গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০৬.০৪৮.২২-৬৭৩

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২
২৭ মে ২০২৫

**বিষয়: SA & T Act ১৯৫০ এর ধারা ১৫০ অনুযায়ী মিউটেশন সিস্টেমে খতিয়ান রিভিউ কার্যক্রম সারা দেশব্যাপী চালুকরণ।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সারাদেশে ভূমি সেবা প্রত্যাশীদের উন্নততর ও সুষম সেবা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের মাধ্যমে মানোন্নীত ৫ (পাঁচ) টি সফটওয়্যার চালু করা হয়েছে। সৃজিত মিউটেশন সিস্টেমে SA & T Act ১৯৫০ অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি)'র মাধ্যমে খতিয়ান সংশোধনের কাজটি সহজতর করা হয়েছে। ইতোমধ্যে ঢাকার দুইটি সার্কেল ভূমি অফিসে এ কার্যক্রমের পাইলটিং সম্পন্ন হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে আগামী ০১ জুন ২০২৫ সারাদেশে সকল উপজেলা/সার্কেল ভূমি অফিস হতে SA & T Act ১৯৫০ এর ১৫০ ধারার কার্যক্রম শুরু করার জন্য প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সিস্টেমটির সফল প্রয়োগ ও সেবা প্রদানের উৎকর্ষতা নিশ্চিতকল্পে একটি ব্যবহার নির্দেশিকা (User Manual) এসাথে সংযুক্ত করা হলো।

০২। এমতাবস্থায়, SA & T Act ১৯৫০ এর ১৫০ ধারার কার্যক্রম সিস্টেমে সম্পন্নকরণে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে সফটওয়্যার পরিচালনায় কোনরূপ সমস্যা পরিলক্ষিত হলে জনাব শেখ সবুজ হাসান, প্রোগামার, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প (মোবা: ০১৭৫৬-৫৬১৭৩৪) এবং জনাব মোঃ মোজাদ্দেদ হোসেন খান, অ্যাসিস্ট্যান্ট প্রজেক্ট ম্যানেজার, বিজনেস অটোমেশন লি. (মোবা: ০১৬৩২-০৫৩৯৯৬) এর সাথে যোগযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ব্যবহার নির্দেশিকা (User Manual)

২৭ মে ২০২৫

মোঃ পারভেজ হাসান বিপিএএ
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২২২৩-৩১৪৬১৯ (অফিস)
pdlandautomation@gmail.com

সহকারী কমিশনার (ভূমি) [সকল]
ও সহ. প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

**অনুলিপি (সদয় জ্ঞতার্থে/কার্যার্থে; জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
০২. চেয়ারম্যান (সচিব), ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
০৩. মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
০৪. বিভাগীয় কমিশনার (সকল)
০৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন/ডিকেএমপি), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
০৬. জেলা প্রশাসক ও উপ-প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) [সকল], ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প [পার্বত্য ৩ জেলা ব্যতীত]
০৭. উপ-প্রকল্প পরিচালক (বাস্তবায়ন/আইসিটি), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
০৮. সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৯. জনাব শেখ সবুজ হাসান, প্রোগামার, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প (মোবা: ০১৭৫৬৫৬১৭৩৪)
১০. এমডি/সিইও, বিজনেস অটোমেশন লি.
১১. জনাব মোঃ মোজাদ্দেদ হোসেন খান, অ্যাসিস্ট্যান্ট প্রজেক্ট ম্যানেজার, বিজনেস অটোমেশন লি. (মোবা: ০১৬৩২-০৫৩৯৯৬)

# মিউটেশন রিভিউ কেস মডিউল (১৫০)

## ব্যবহার নির্দেশিকা

সর্বশেষ আপডেট: ১৮-০৫-২০২৫

মিউটেশন ২ জেনারেশন

ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

# সূচিপত্র

১.সহকারি কমিশনার (ভূমি) কর্তৃক সংশোধন.......... 2

১.১ খতিয়ান সংশোধনের জন্য আবেদন ওপেনঃ.......... 2

১.২ খতিয়ান সংশোধনের জন্য আবেদন লিস্ট থেকে আবেদন ওপেনঃ.......... 3

১.৩ মিউটেশন ২.১ ভার্সনে খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ.......... 3

১.৪ মিউটেশন ২.০ ভার্সনে খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ.......... 5

২. মিউটেশন ২.০ ও ২.১ ভার্সনে নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ.......... 9

২.১ নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন:.......... 9


২.২ নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন প্রক্রিয়া কার্যক্রমঃ.......... 11

# ১.সহকারি কমিশনার (ভূমি) কর্তৃক সংশোধন

সহকারি কমিশনার (ভূমি) নিজ উদ্যোগে বা স্ব-প্রণোদিত হয়ে খতিয়ান সংশোধন করতে পারবেন। এ জন্য নিম্মোক্ত প্রসেস অনুসরণ করতে হবে। ডিসিআর পেমেন্ট সম্পন্ন হয়েছে এমন আবেদন/খতিয়ানের সংশোধনের সহকারি কমিশনার (ভূমি) নিজ উদ্যোগে বা স্ব-প্রণোদিত হয়ে সংশোধন করতে পারবেন। উল্লেখ্য যে খতিয়ান সংশোধন করা হলে নাগরিককে ১১০০ টাকা ডিসিআর ফি প্রদান পূর্বক সংশোধিত খতিয়ান অনলাইন থেকে সংগ্রহ করতে হবে ।

*** [যেহেতু সহকারি কমিশনার (ভূমি) নিজ উদ্যোগে বা স্ব-প্রণোদিত হয়ে খতিয়ান সংশোধন করেছেন, তাই কোর্ট ফি ২০ টাকা এবং ৫০ নোটিশ জারি ফি নাগরিক থেকে নেওয়া হচ্ছে না]


## ১.১ খতিয়ান সংশোধনের জন্য আবেদন ওপেনঃ




সহকারি কমিশনার (ভূমি) ড্যাশবোর্ড অপশন থেকে (১) চিহ্নিত অপশন "ডিসিআর ফি পরিশোধের জন্য অপেক্ষমান আবেদন"- অপশনে ২ টি কার্ড দেখতে পাবেন। লাল বক্স চিহ্নিত অংশ অপশন সিলেক্ট করে খতিয়ান লিস্ট দেখতে পাবেন। উক্ত লিস্ট থেকে যে আবেদনটি সংশোধন করতে চান তা "খুলুন"- বাটন থেকে ওপেন করবেন।

অথবা (২) চিহ্নিত অপশন থেকে "মিউটেশন আবেদনসমূহ" থেকে আবেদন নম্বর/কেস নম্বর/এনআইডি/ইউনিয়ন ভূমি অফিস ইত্যাদি অপশনের মাধ্যমে আবেদনটি খুজে ওপেন করতে পারবেন।

## ১.২ খতিয়ান সংশোধনের জন্য আবেদন লিস্ট থেকে আবেদন ওপেনঃ


আবেদনের তালিকা ২৫


| আবেদন নং | আবেদনের তারিখ | মামলা নং | আবেদনের ধরন | মালিকানা সূত্র | আবেদনকারীর নাম | মৌজা | বর্তমান ডেস্ক | পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১০০৮৪৭৩ | ০২/০১/২০২৫ | ৫২১৪(IX-I)/২০২৪-২৫ | ব্যক্তি মালিকানাধীন জমির জন্য আবেদন | ক্রয় | মোঃ সুলতান বাদশা | বাদে ( জে.এল নং : ০৬১ ) | আর্কাইভ | খুলুন |
| ১১৪৭০৭২০ | ০৯/০৩/২০২৫ | ৬৭৪৪(IX-I)/২০২৪-২৫ | ব্যক্তি মালিকানাধীন জমির জন্য আবেদন | ক্রয় | মোসাঃ সাজিয়া আফরিন মিতু | বাদে ( জে.এল নং : ০৬১ ) | আর্কাইভ | খুলুন |
| ১১৪৭০৭৬৯ | ১৯/০৩/২০২৫ | ১১৭৬০(IX-I)/২০২৪-২৫ | ব্যক্তি মালিকানাধীন জমির জন্য আবেদন | ক্রয় | মোসাঃ সাজিয়া আফরিন মিতু | বাদে ( জে.এল নং : ০৬১ ) | আর্কাইভ | খুলুন |
| ১১৪৭০৭৭৫ | ২০/০৩/২০২৫ | ১১৭৬৭(IX-I)/২০২৪-২৫ | ব্যক্তি মালিকানাধীন জমির জন্য আবেদন | এওয়াজ/বিনিময় | মোসাঃ সাজিয়া আফরিন মিতু | বাদে ( জে.এল নং : ০৬১ ) | আর্কাইভ | খুলুন |
| ১১৪৭০৮৬৫ | ২৬/০৩/২০২৫ | ১১৯২১(IX-I)/২০২৪-২৫ | ব্যক্তি মালিকানাধীন জমির জন্য আবেদন | ক্রয় | মোঃ মোজাম্মেদ হোসেন খান | মানপুর ( জে.এল নং : ০৬২ ) | আর্কাইভ | খুলুন |

(১) চিহ্নিতি হালকা ফিকে আকাশি রঙ বাটনটি খতিয়ান সংশোধনের আবেদন বুঝায়।


প্রথমে মিউটেশন ২.১ এর মিউটেশন খতিয়ান সংশোধন করার জন্য (২) চিহ্নিত বোটল গ্রিন রঙ এর বাটন থেকে আবেদনটি ওপেন করতে হবে।


## ১.৩ মিউটেশন ২.১ ভার্সনে খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ

মিউটেশন ২.১ ভার্সনের আবেদনের জন্য আবেদসটি ওপেন করার পর (৪) "শুনানি" ট্যাব থেকে (৫) "মিউটেশন খতিয়ান রিভিউ এবং সংশোধন" বাটনে ক্লিক করতে হবে।




(৬) চিহ্নিত অংশতে উল্লেখিত তথ্য উল্লেখ করে খতিয়ান সংশোধন বা পুনঃবিবেচনার জন্য শুনানির তারিখ প্রদান পূর্বক "সংরক্ষণ" বাটনে ক্লিক করতে হবে।








## ১.৪ মিউটেশন ২.০ ভার্সনে খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ

মিউটেশন ২.০ ভার্সন এর জন্য আবেদনটি ওপেন করার পর (১) “খসড়া খতিয়া” ট্যাব ওপেন করলে (২) “মিউটেশন খতিয়ান রিভিউ এবং সংশোধন” বাটনে ক্লিক করতে হবে।




(৬) চিহ্নিত অংশতে উল্লেখিত তথ্য উল্লেখ করে খতিয়ান সংশোধন বা পুনঃবিবেচনার জন্য শুনানির তারিখ প্রদান পূর্বক “সংরক্ষণ” বাটনে ক্লিক করতে হবে।




সংরক্ষণ করার পর আবেদনটি সহকারি কমিশনার (ভূমি) এর ড্যাশবোর্ডে দেখতে পাবেন। আবেদনটি নিচের ভিউ দেখতে পাবেনঃ




পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য "রিভিউ আবেদন" অংশ থেকে "শুনানি" ট্যাব থেকে পদক্ষেপ নিবেন।



শুনানি ট্যাবে-এর কার্যক্রমঃ


ক) অফিস সহকারীর মাধ্যমে নোটিশ জারি নিশ্চিত করবেন

খ) আবেদনকারী ও বিবাদী উপস্থিত কিনা তা নিশ্চিত করবেন

গ) মূল মিউটেশন আবেদনের সাথে মিউটেশন রিভিউ আবেদনের মাধ্যমে সংশোধনের কারণটি চিহ্নিত করবেন

ঘ) আবেদনটি তদন্তের প্রয়োজন হলে ইভূসক/সার্ভেয়র এর নিকট প্রেরণ করতে পারবেন।

**সিদ্ধান্ত গ্রহণঃ**





উপরে উল্লেখিত কোন একটি কারণ সিলেক্ট করলে “চূড়ান্ত সিদ্ধান্ত” গ্রহণের অপশন আসবে। সহকারি কমিশনার (ভূমি) যোক্তিক কারণ উল্লেখ পূর্বক মিউটেশন রিভিউ আবেদন টি মঞ্জুর/না-মঞ্জুর/খতিয়ানটি বাতিল করতে পারবেন।

সংশোধনের পূর্বে সহকারি কমিশনার (ভূমি) মিউটেশন প্রতিবেদন ও মিউটেশন খতিয়ানটি সংশোধন করতে হবে।

# ২.মিউটেশন ২.০ ও ২.১ ভার্সনে নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন ও কার্যক্রমঃ

## ২.১ নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন:


নাগরিক লগইন করার পর “আবেদনের অবস্থা দেখুন” অপশন থেকে আবেদকৃত সকল তথ্য দেখতে পাবে। আবেদনের লিস্ট থেকে “খতিয়ান প্রদান” স্ট্যাটাস থেকে “**বিস্তারিত**” বাটনে ক্লিক করলে খতিয়ান সংশোধন করার জন্য অপশন পাবে।





“**বিস্তারিত**” বাটনে ক্লিক করলে খতিয়ান সংশোধন করার জন্য একটি বাটন পাবে।



(২) বিস্তারিট বাটনে ক্লিক করা পর “সম্পূরক আবেদন” সেকশন থেকে সংশোধন আবেদন করার অপশন পাবেন।





নাগরিক আবেদন করার ক্ষেত্রে আবেদনকারি নিচের ফরমটি পূরণ করে আবেদন সম্পন্ন করতে হবে।





আবেদন সাবমিট করলে কোর্ট ফি ও নোটিশ জারি ফি প্রদান করার জন্য পেমন্ট অপশন আসবে। পেমেন্ট সম্পন্ন হলে আবেদনটি সহকারি কমিশনার (ভূমি) এর ড্যাশবোর্ডে আবেদন গ্রহণ/বাতিলের জন্য অপেক্ষমাণ লিস্টে থাকবে।

## ২.২ নাগরিক কর্তৃক খতিয়ান সংশোধনের আবেদন প্রক্রিয়া কার্যক্রমঃ


সহকারি কমিশনার (ভূমি) মিউটেশন ড্যাশবোর্ড অপশন থেকে নাগরিক কর্তৃক সংশোধনের আবেদনসমূহ দেখতে পাবেন। ড্যাশবোর্ড থেকে সহকারি কমিশনার (ভূমি) সংশোধনের আবেদন লিস্ট দেখতে পারবেন এবং কার্যক্রম গ্রহণ করবেন।





আবেদন লিস্ট থেকে **"হালকা ফিকে আকাশি রঙ"** খুলুন বাটন থেকে সংশোধনের আবেদনটি ওপেন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।





আবেদনটি ওপেন করার পর নিচের ছবিটি দেখতে পারবেন এবং আবেদনটি গ্রহণ করার জন্য "মিউটেশন খতিয়ান রিভিউ এর আবেদন" অপশন থেকে আবেদনটি যুক্তিক কারণ উল্লেখ করে আবেদনটি গ্রহণ বা বাতিল করার জন্য পদক্ষেপ গ্রহণ করবেন।





ওপেন করার পর “শুনানির তারিখ”- নির্ধারণ করার জন্য ক্যালেন্ডার থেকে শুনানির তারিখ সিলেক্ট করবে।




শুনানির তারিখ সিলেক্ট করার পর আবেদন গ্রহণ বা বাতিলের পক্ষে মতামত উল্লেখ পূর্বক মিউটেশন রিভিউ আবেদনটি গ্রহণ বা বাতিল করবেন।




আবেদন গ্রহণ করার জন্য নিশ্চিত করণ পপআপ মেসেজ কনফার্ম করে আবেদন গ্রহণ করবেন।




আবেদন গ্রহণ করার পর সহকারি কমিশনার (ভূমি) এমন দেখতে পাবেন




## ২.৩ মিউটেশন রিভিউ আবেদন এর সিদ্ধান্ত বা কার্যক্রম গ্রহনঃ

আবেদন গ্রহণ পরবর্তী মিউটেশন সিদ্ধান্ত গ্রহন বা কার্যক্রম গ্রহণ করার জন্য সহকারি কমিশনার (ভূমি) “রিভিউ আবেদন” অংশ থেকে “শুনানি” ট্যাব থেকে সিদ্ধান্ত বা পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।




সিদ্ধান্ত গ্রহনের জন্য "আবেদনে উল্লেখিত ভুল মূল নথিতে কি রূপে আছে"- লিস্ট থেকে কারণ সিলেক্ট করতে হবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের সময় উপযুক্ত কারণ বা ব্যাখা প্রদান করতে হবে।

সহকারি কমিশনার (ভূমি)- নিজে সংশোধন করার ক্ষেত্রে অব্যশই "মিউটেশ প্রতিবেদন" ও "মিউটেশন খতিয়ান" – সংশোধন এবং নিশ্চিত করতে হবে। নিশ্চিত করে "চূড়ান্ত আদেশ প্রদান করুন"- বাটনে ক্লিক করে খতিয়ান রিভিউ আবেদন মঞ্জুর/ রিভিউ আবেদন না-মঞ্জুর/খতিয়ান বাতিল হবে।

**বি.দ্রঃ আবেদনটি মঞ্জুর হলে আবেদনকারিকে খতিয়ান সংশোধন ফি ১১০০/= প্রদান করে সংশোধিত খতিয়ান গ্রহণ করতে হবে।**

**ধন্যবাদ**